

ন্যায

IEO - 4th-এর আকারঃ

- I. কোন কোন P হয় M
E. কোন M নয় S
O. ∴ কোন কোন S নয় P

সাধ্য (P) প্রধান আশ্রয়বাক্য I বচনে ব্যাপ্য হয়নি; কিন্তু সিদ্ধান্ত O বচনের বিধেয়স্থানে থাকায় ব্যাপ্য হয়েছে। ফলে অবৈধ সাধ্য দোষ ঘটেছে এবং মূর্তিটি অবৈধ।

সূত্রাং, দেখা যাচ্ছে যে, আদর্শ নিরপেক্ষ ন্যায়ের যে যে সংস্থানে কোন বৈধ মূর্তিতে সিদ্ধান্তটি O বচন হয় সেই মূর্তিগুলি হল :

- EIO - 1st (FERIO)
A O O - 2nd (BAROCO)
EIO - 2nd (FESTINO)
O A O - 3rd (BOCARDO)
EIO - 3rd (FERISON)
EIO - 4th (FRESISON)


৯.১২ ভেঁ চিত্রের সাহায্যে ন্যায়ের বৈধতা বিচার

Testing Syllogism by Venn's Diagram

ভেঁচিত্রের সাহায্যে ন্যায়ের বৈধতা বিচার করতে হলে ন্যায়ের দুটি আশ্রয়বাক্যকে একত্রে একটি চিত্রে প্রকাশ করতে হবে। মনে রাখা দরকার, এই পদ্ধতিতে শুধুমাত্র আশ্রয়বাক্যদুটিকে চিত্রের মাধ্যমে প্রকাশ করা হয়। কিন্তু সিদ্ধান্তকে কখনোই চিত্রের সাহায্যে প্রকাশ করা হয় না। ন্যায়ের আশ্রয়বাক্যদুটিতে মোট তিনটি পদ থাকে — পক্ষ, সাধ্য ও হেতু। এদের সংক্ষেপে এবং শ্রীকৈর সাহায্যে বলা যেতে পারে যথাক্রমে S, P এবং M। তিনটি পদ তিনটি জাতিকে বা শ্রেণীকে নির্দেশ করে। তিনটি জাতিকে নির্দেশ করার জন্য এবং সেই তিনটি জাতি যে পরস্পর সম্বন্ধযুক্ত — একথা বোঝানোর জন্য তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করতে হবে। একটি বচনে দুটি পদ থাকে। ঐ দুটি পদ নির্দেশিত জাতিকে বোঝাবার জন্য প্রথমে দুটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করতে হবে। এরপর অপর যে তৃতীয় পদটি আছে তাকে নির্দেশ করার জন্য পূর্বকার দুটি বৃত্তের নীচে তৃতীয় এমন একটি বৃত্ত অঙ্কন করতে হবে যেটি ঐ দুটি বৃত্তকে ছেদ করে। এইভাবে তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করলে বোঝা যাবে যে, ন্যায়ে উল্লিখিত তিনটি জাতি পরস্পরের সঙ্গে সম্পর্কিত। ক্রম অনুসারে S, P এবং M — এই তিনটি পদকে উপস্থাপন করার জন্য তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করতে হবে। 'S' নামক অঙ্কিত বৃত্ত S জাতি এবং \bar{S} (S - নয়) জাতিকে নির্দেশ করে। বৃত্তের ভিতরের অংশটি হল S জাতি নির্দেশক এবং বৃত্তের বাইরের অংশটি S-নয় — এমন জাতিকে বোঝায়। অনুরূপভাবে, 'P' নামক বৃত্তটি P জাতিকে এবং \bar{P} (P- নয়) জাতিকে বোঝায় এবং 'M' নামক বৃত্তটি M জাতিকে এবং \bar{M} (M- নয়) জাতিকে বোঝায়।


এখন 'S' এবং 'P' বৃত্ত যখন পরস্পর পরস্পরকে ছেদ করছে তখন তার ফলে মোট চারটি শ্রেণী বা জাতি নির্দেশিত হচ্ছে : $S\bar{P}$, SP , $P\bar{S}$ এবং $\bar{S}\bar{P}$ ।

চিত্রটি এইরকম :



পরস্পরছেদী বৃত্তটির একদম বাঁদিকের অংশটিতে শুধুমাত্র S আছে এবং ঐ অংশে P নেই ($S\bar{P}$)। মাঝখানের অংশটিতে S এবং P উভয়ই আছে (SP)। ডানদিকের অংশে শুধু P আছে এবং ঐ অংশে S নেই। ($\bar{S}P$ বা $P\bar{S}$) আর, বৃত্তদুটির একদম বাইরে যেখানে S এবং P - বৃত্তের কোন অংশই নেই, সেটি হল $\bar{S}\bar{P}$ ।

S, P এবং M - তিনটি বৃত্তকে যখন পরস্পর ছেদ করা হচ্ছে, তখন জাতি বা শ্রেণী নির্দেশক অংশ হয়ে যাচ্ছে সংখ্যায় আটটি। একটি চিত্র অঙ্কন করে এই আটটি অংশ নির্দেশ করা যাক।



ধরা যাক S হল পণ্ডিত জাতির প্রতীক; P হল সরল জাতির প্রতীক এবং M হল মন্ত্রী জাতির প্রতীক, এখন, চিত্রে রূপায়িত আটটি জাতি বা শ্রেণীর ব্যাখ্যা এইভাবে দেওয়া যেতে পারে।

(1) SPM - তিনটি জাতির সমন্বিত ফল/অর্থাৎ, সব পণ্ডিত-সরল-মন্ত্রীর জাতি।

(2) $S\bar{P}\bar{M}$ - প্রথম দুটি জাতি এবং তৃতীয়টির অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সকল

পণ্ডিত ও সরল ব্যক্তির জাতি, যারা মন্ত্রী নয়।

(3) $S\bar{M}\bar{P}$ - প্রথম জাতি, তৃতীয় জাতি এবং দ্বিতীয় অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সব পণ্ডিত মন্ত্রীর জাতি যারা সরল নয়।


(4) $S\bar{P}\bar{M}$ - প্রথম জাতি এবং দুটি অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সকল পণ্ডিত ব্যক্তির জাতি যারা সরল নয় এবং মন্ত্রীও নয়।

(5) $P\bar{M}\bar{S}$ - দ্বিতীয় জাতি, তৃতীয় জাতি এবং প্রথম অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সরল মন্ত্রীর জাতি যারা পণ্ডিত নয়।

(6) $\bar{P}\bar{S}\bar{M}$ - তিনটি মূল জাতির অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সেই সব ব্যক্তি যারা পণ্ডিত নয়, সরল নয় এবং মন্ত্রীও নয়।

(7) $M\bar{S}\bar{P}$ - তৃতীয় জাতি এবং প্রথম ও দ্বিতীয় অনুপূরক জাতির ফল। অর্থাৎ, সব মন্ত্রীর জাতি যারা পণ্ডিত নয় এবং সরলও নয়।


এখন, 'P' এবং 'M' দ্বারা চিহ্নিত এবং অঙ্কিত বৃত্ত দুটির দিকে মনোযোগ দিলে দেখা যাবে যে, এদের বিভিন্ন স্থানকে ছায়াবৃত্ত করে বা X চিহ্ন দ্বারা চিহ্নিত করে আমরা উদ্দেশ্য কিম্বা বিধেয়রূপে 'P' কিম্বা 'M' পদযুক্ত শর্তনিরপেক্ষ বচনের চিত্ররূপায়ণ করতে পারি। যেমন, 'সকল M হয় P ($M\bar{P} = O$) - এই বচনটিকে চিত্রে রূপায়িত করার জন্য নিম্নে অঙ্কিত চিত্রটির দিকে নজর দেওয়া যাক।



দেখা যাচ্ছে যে, 'M' নামক বৃত্তের যে অংশ 'P' নামক বৃত্তের দ্বারা ব্যাপ্ত নয়, সেই অংশকে সম্পূর্ণভাবে ছায়াবৃত্ত করা হয়েছে। এই অংশে রয়েছে $M\bar{S}\bar{P}$ এবং $M\bar{S}P$ - এই দুটি অংশ।


আবার 'P' এবং 'M' চিহ্নিত বৃত্তটির দিকে নজর দিলে দেখা যাবে যে, এদের বিভিন্ন স্থান ছায়াবৃত্ত করে বা X চিহ্ন দ্বারা চিহ্নিত করে আমরা 'P' এবং 'M' পদযুক্ত (উদ্দেশ্য কিম্বা

বিধেয়) শর্তনিরপেক্ষ বচনের চিত্ররূপায়ণ করতে পারি। যেমন, 'সকল P হয় M' ($P \bar{M} = 0$)
 - এই বচনটিকে চিত্রে রূপায়িত করার জন্য 'P' বৃত্তের যে অংশ 'M' বৃত্ত দ্বারা ব্যাপ্ত নয়, সেই অংশকে সম্পূর্ণভাবে ছায়াবৃত্ত করবো। এই অংশের অন্তর্গত হল $P \bar{S} \bar{M}$ এবং $P \bar{S} M$ চিহ্নিত অংশ। তাহলে, 'সকল P হয় M' ($P \bar{M} = 0$) - বচনটির চিত্ররূপ হবে এই রকম :



সামান্য বচনের চিত্ররূপায়ণের জন্য দুটি পরস্পরছেদী বৃত্তের বিভিন্ন অংশকে ছায়াবৃত্ত করা হয়। কিন্তু বিশেষ বচনের চিত্ররূপায়ণের জন্য দুটি পরস্পরছেদী বৃত্তের প্রয়োজনীয় অংশে X চিহ্ন ব্যবহার করা হয়। 'P' এবং 'M' চিহ্নিত বৃত্তদুটির ওপর নজর দেওয়া যাক। 'কতিপয় P হয় M' ($PM \neq 0$) - বচনটির চিত্ররূপায়ণের জন্য 'P' বৃত্তের যে অংশ 'M' বৃত্তের দ্বারা ব্যাপ্ত, সেই অংশে X চিহ্ন বসাতে হবে। এই অংশের অন্তর্গত হল PSM এবং $P \bar{S} M$ । অবশ্য, একটি ন্যায়ের অন্তর্গত সামান্য আশ্রয়বাক্যের চিত্ররূপ দেওয়ার পরই বোঝা যাবে ঐ ন্যায়ের বিশেষ আশ্রয়বাক্যটির চিত্ররূপায়ণের জন্য ঠিক কোন্ অংশে X চিহ্ন বসানো যাবে।

তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কনের সুবিধা হল এই যে, এর দ্বারা আমরা মাত্র তিনটি পদযুক্ত দুটি বচনের একত্রে চিত্ররূপায়ণ করতে পারি। যেমন, 'সকল M হয় P' এবং 'সকল S হয় M' - এই বচনদুটির একত্রে চিত্ররূপায়ণ হবে এইরকম :



$$M \bar{P} = 0 = M \bar{P} S = 0$$

$$M \bar{S} \bar{P} = 0$$


$$S \bar{M} = 0 = S \bar{M} P = 0$$

$$S \bar{M} \bar{P} = 0$$

ভেনচিত্রের সাহায্যে ন্যায়ের বৈধতা বিচার করার ক্ষেত্রে যে কথটি বিশেষভাবে উল্লেখযোগ্য সেটি হল : ন্যায়ের আশ্রয়বাক্যদুটিকে ভেনচিত্রে চিত্ররূপ দেওয়া হয়; কিন্তু সিদ্ধান্তকে কখনোই চিত্রের সাহায্যে আলাদা করে অঙ্কন করা হয় না। এখন যদি দেখা যায় যে, আশ্রয়বাক্যদুটিকে অঙ্কন করার সঙ্গে সঙ্গে সিদ্ধান্তের অন্তর্গত অংশগুলিও অঙ্কিত হয়ে গেছে, তাহলে বুঝতে হবে যে, আশ্রয়বাক্যের মধ্যেই সিদ্ধান্ত নিহিত আছে এবং আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত অনিবার্যভাবে অনুসৃত হচ্ছে। এর ফলে, সেক্ষেত্রে ন্যায়টিকে বৈধ বলা হবে। কিন্তু যদি দেখা যায় যে, আশ্রয়বাক্যগুলিকে অঙ্কন করার সঙ্গে সঙ্গে সিদ্ধান্তের অংশগুলি অঙ্কিত হয়নি, তাহলে তার অর্থ হল : সিদ্ধান্ত আশ্রয়বাক্যের মধ্যে নিহিত নেই এবং সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে অনুসৃত হয়নি। সেক্ষেত্রে ন্যায়টিকে অবৈধ বলতে হবে।

এই কথাগুলি মনে রেখে কতকগুলি ন্যায়ের উদাহরণ নিয়ে সেগুলির বৈধতা ভেনচিত্রের সাহায্যে প্রমাণ করা যাক।

- (১) $AAA - 1st$
 A সকল M হয় P = $M \bar{P} = 0 = M \bar{P} S + M \bar{P} \bar{S}$
 A সকল S হয় M = $S \bar{M} = 0 = S \bar{M} P + S \bar{M} \bar{P}$
 A ∴ সকল S হয় P = $S \bar{P} = 0 = S \bar{P} M + S \bar{P} \bar{M}$



আলোচ্য ন্যায়টির পক্ষপদ, সাধাপদ ও হেতুপদ যে তিনটি জাতিকে নির্দেশ করে তাদের বোঝাবার জন্য যথাক্রমে S, P এবং M নামক তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করা হয়েছে। সাধা আশ্রয়বাক্যটির বুলীয় ভাষা হল $M \bar{P} = 0$ । $M \bar{P}$ বলতে তার অন্তর্গত $M \bar{S} \bar{P}$ এবং $M \bar{S} P$ - এই দুটি অংশকে বোঝায়। এই দুটি অংশকে ছায়াবৃত্ত করা হল। পক্ষ আশ্রয়বাক্যটির বুলীয় ভাষা হল $S \bar{M} = 0$ । $S \bar{M}$ বলতে তার অন্তর্গত $S \bar{M} P$ এবং $S \bar{M} \bar{P}$ - এই দুটি

অংশকে বোঝায়। এই দুটি অংশকেও ছায়াবৃত করা হল। সিদ্ধান্তটির বুলীয় ভাষা হল $S\bar{P}=O$ । $S\bar{P}$ অংশের অন্তর্গত হল $S\bar{P}M$ এবং $S\bar{P}\bar{M}$ । দেখা যাচ্ছে যে, আশ্রয়বাক্যদুটিকে অঙ্কন করার সঙ্গে সঙ্গে সিদ্ধান্তের এই দুটি অংশও অঙ্কিত হয়ে গেছে। এর অর্থ হল, সিদ্ধান্তটি আশ্রয়বাক্যের মধ্যেই নিহিত আছে এবং আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয়েছে। সুতরাং ন্যায়টি বৈধ।

- (২) সকল মানুষ হয় প্রাণী
 সকল কুকুর হয় প্রাণী
 ∴ সকল কুকুর হয় মানুষ


আলোচ্য ন্যায়টির আকার হল AAA-2nd। S (পক্ষপদ), P (সাধ্যপদ), M (হেতুপদ) - প্রতীক ব্যবহার করে ন্যায়টিকে এই আকারে প্রকাশ করা যায় :

$$A \text{ সকল } P \text{ হয় } M = P\bar{M}=O = P\bar{M}S + P\bar{M}\bar{S}$$

$$A \text{ সকল } S \text{ হয় } M = S\bar{M}=O = S\bar{M}P + S\bar{M}\bar{P}$$

$$A \therefore \text{সকল } S \text{ হয় } P = S\bar{P}=O = S\bar{P}M + S\bar{P}\bar{M}$$

বুলীয় ভাষা অনুসরণ করে ন্যায়টির ভেনচিত্র হবে নিম্নরূপ :



ন্যায়টির পক্ষ, সাধ্য ও হেতুপদ যে তিনটি জাতিকে নির্দেশ করে তাদের বোঝাবার জন্য যথাক্রমে S, P এবং M নামক তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করা হল। সাধ্য আশ্রয়বাক্যটির বুলীয় ভাষা হল $P\bar{M}=O$ । এর অন্তর্গত দুটি অংশ হল $P\bar{M}S$ এবং $P\bar{M}\bar{S}$ । এই দুটি অংশকে ছায়াবৃত করা হল। পক্ষ আশ্রয়বাক্যের বুলীয় ভাষা হল $S\bar{M}=O$ । এর অন্তর্গত অংশ দুটি হল $S\bar{M}P$ এবং $S\bar{M}\bar{P}$ । $S\bar{M}P$ অংশটি পূর্বেই ছায়াবৃত হয়ে গেছে। এই অংশটিকে আবার ছায়াবৃত করা হল এবং $S\bar{M}\bar{P}$ অংশটিকেও ছায়াবৃত করা হল। সিদ্ধান্তের বুলীয় ভাষা হল $S\bar{P}=O$ । এর অন্তর্গত অংশদুটি হল $S\bar{P}M$ এবং $S\bar{P}\bar{M}$ । সিদ্ধান্তের

অন্তর্গত $S\bar{P}M$ অংশটি আশ্রয়বাক্য দুটির সঙ্গে সঙ্গে অঙ্কিত হয়ে গেলেও $S\bar{P}M$ অংশটি কিন্তু অঙ্কিত হয়নি। সিদ্ধান্তটিকে চিত্রায়িত করতে হলে $S\bar{P}M$ এবং $S\bar{P}\bar{M}$ -- উভয় অংশকেই ছায়াবৃত হতে হবে। কিন্তু এখানে তা হয়নি। এর অর্থ হল, সিদ্ধান্ত আশ্রয়বাক্যের মধ্যে নিহিত নেই এবং আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত অনিবার্যভাবে অনুসৃত হয়নি। সুতরাং ন্যায়টি অবৈধ।

ন্যায়ের যে দুটি উদাহরণ নিয়ে এখানে আলোচনা করা হল যেখানে আশ্রয়বাক্যদুটি এবং সিদ্ধান্ত -- সবগুলিই সমানো বচন। এবারে, এমন ন্যায়ের উদাহরণ দেওয়া যাক যেখানে একটি আশ্রয়বাক্য বিশেষ বচন এবং তার ফলে সিদ্ধান্তও বিশেষ বচন।


- (৩) A সকল কবি হয় অহংকারী ব্যক্তি
 I কতিপয় কবি হয় সং ব্যক্তি
 I ∴ কতিপয় সং ব্যক্তি হয় অহংকারী ব্যক্তি।

আলোচ্য ন্যায়টির আকার হল A II-3rd। পক্ষপদ (S), সাধ্যপদ (P) এবং হেতুপদ (M) — এই প্রতীক ব্যবহার করে ন্যায়টির আকার এইভাবে প্রকাশ করা যায় :

$$A \text{ সকল } M \text{ হয় } P = M\bar{P}=O = M\bar{P}S + M\bar{P}\bar{S}$$

$$I \text{ কতিপয় } M \text{ হয় } S = MS \neq O = MPS + M\bar{P}S$$

$$I \therefore \text{কতিপয় } S \text{ হয় } P = SP \neq O = SPM + S\bar{P}M$$




ন্যায়টির পক্ষ, সাধ্য ও হেতুপদ যে তিনটি জাতিকে বোঝায় তাদের নির্দেশ করার জন্য যথাক্রমে S, P এবং M নামক তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করা হল। ন্যায়টির সাধ্য আশ্রয়বাক্যটির (A) বুলীয় ভাষা হল $M\bar{P}=O$ । এর অন্তর্গত দুটি অংশ হল $M\bar{P}S$ এবং

$M \bar{P} \bar{S}$ । এই দুটি অংশকে ছায়াবৃত করা হল। পক্ষ আশ্রয়বাক্যটির (1) বুলীয় ভাষা হল $MS \neq O$ । এর অন্তর্গত অংশ দুটি হল MSP এবং $M \bar{S} \bar{P}$ । $M \bar{P} \bar{S}$ অংশটি পূর্বেই ছায়াবৃত হয়ে গেছে। সুতরাং, এখন MPS অংশটিতে X চিহ্ন দেওয়া হল। সিদ্ধান্তটি I বচন এবং এর বুলীয় ভাষা হল $SP \neq O$ । এর অন্তর্গত অংশ দুটি হল SPM এবং $S \bar{P} \bar{M}$ । দেখা যাচ্ছে যে, এই দুটি অংশের মধ্যে SPM অংশটি আশ্রয়বাক্যদুটিকে অঙ্কন করার সময়ই চিত্রায়িত হয়ে গেছে। অতএব, বলা যায় যে, উদাহরণে গৃহীত ন্যায়টির আশ্রয়বাক্য দুটির চিত্রায়ণের ফলে সিদ্ধান্তের ঘোষিত বক্তব্যও চিত্রায়িত হয়ে গেছে। একথা বলার অর্থ হল, সিদ্ধান্তের বক্তব্য আশ্রয়বাক্যের বক্তব্যের মধ্যেই নিহিত আছে এবং সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয়। সুতরাং, ন্যায়টি বৈধ।

এখানে, আর একটি কথা মনে রাখা দরকার। যে ন্যায়ে সামান্য এবং বিশেষ — উভয় প্রকার বচনই আছে, সেখানে আগে সামান্য বচনকে চিত্রায়িত করতে হবে এবং তার পরে বিশেষ বচনকে চিত্রায়িত করতে হবে। যেমন, উল্লিখিত ন্যায়টির 'কতিপয় কবি হয় সৎ ব্যক্তি' — এই বিশেষ বচনটিকে চিত্রায়িত করার জন্য প্রয়োজনীয় বৃত্তাংশে X চিহ্ন বসানোর আগে 'সকল কবি হয় অহংকারী ব্যক্তি' — এই সামান্য বচনকে চিত্রায়িত করা হয়েছে। এখন সামান্য বচনটির ($M \bar{P} = O$) অন্তর্গত $M \bar{P} \bar{S}$ এবং $M \bar{P} \bar{S}$ বৃত্তাংশকে ছায়াবৃত করে সামান্য বচনটিকে অঙ্কিত করার আগে বিশেষ বচনটির ($MS \neq O$) চিত্রায়ণের চেষ্টা করলে MSP অথবা $M \bar{S} \bar{P}$, কিম্বা এই উভয় অংশের কোন ক্ষেত্রে X চিহ্ন বসবে তা স্থির করা যাবে না। যদি MPS অংশে অথবা $M \bar{P} \bar{S}$ ও MPS — এই দুই অংশের সীমানির্দেশক রেখায় X চিহ্ন বসানো হয়, তবে পরবর্তী পর্যায়ে $M \bar{P} \bar{S}$ অংশকে ছায়াবৃত করলে তা চিত্রের উদ্দিষ্ট বক্তব্যকে অস্পষ্ট করে দেবে। এই কারণেই প্রথমে সামান্য বচনকে চিত্রায়িত করতে হবে। যদি এমন হয় যে, ন্যায়ের সাধ্য আশ্রয়বাক্য বিশেষ বচন এবং পক্ষ আশ্রয়বাক্য সামান্য বচন, তাহলে সামান্য বচন হিসেবে আগে পক্ষ আশ্রয়বাক্যকে চিত্রায়িত করতে হবে এবং তার পরে বিশেষ বচন হিসাবে সাধ্য আশ্রয়বাক্যকে চিত্রায়িত করতে হবে।

(8) $IAI - 4th$

$$\begin{aligned} I \text{ কতিপয় } P \text{ হয় } M &= PM \neq O = MPS + M \bar{S} \bar{P} \\ A \text{ সকল } M \text{ হয় } S &= M \bar{S} = O = M \bar{S} \bar{P} + M \bar{S} P \\ I \therefore \text{ কতিপয় } S \text{ হয় } P &= SP \neq O = SPM + S \bar{P} \bar{M} \end{aligned}$$



ন্যায়টির পক্ষ, সাধ্য ও হেতুপদ যে তিনটি জাতিকে বোঝায়, তাদের নির্দেশ করার জন্য যথাক্রমে S , P এবং M নামক তিনটি পরস্পরছেদী বৃত্ত অঙ্কন করা হল। ন্যায়টির সাধ্য আশ্রয়বাক্যটি বিশেষ বচন এবং পক্ষ আশ্রয়বাক্যটি সামান্য বচন। নিয়মানুযায়ী সামান্য বচনকে আগে চিত্রায়িত করতে হবে। পক্ষ আশ্রয়বাক্যটির (A) বুলীয় ভাষা হল $M \bar{S} = O$ । এর অন্তর্গত দুটি অংশ হল $M \bar{S} \bar{P}$ এবং $M \bar{S} P$ । এই দুটি অংশকে ছায়াবৃত করা হল। সাধ্য আশ্রয়বাক্যটি (1) বিশেষ বচন এবং এর বুলীয় ভাষা হল $PM \neq O$ । এর অন্তর্গত দুটি অংশ হল PMS এবং $P \bar{M} \bar{S}$ দেখা যাচ্ছে যে, পক্ষ আশ্রয়বাক্যকে চিত্রায়িত করার সময় $P \bar{M} \bar{S}$ অংশটি ইতিমধ্যেই ছায়াবৃত হয়ে গেছে। সুতরাং এখন SMP অংশে X চিহ্ন দেওয়া হল। সিদ্ধান্তটি বিশেষ বচন (1) এবং এর বুলীয় ভাষা হল $SP \neq O$ । এর অন্তর্গত দুটি অংশ হল SPM এবং $S \bar{P} \bar{M}$ । সিদ্ধান্তের SPM অংশটিতে ইতিমধ্যেই X চিহ্ন পড়ে গেছে। এর অর্থ হল, আশ্রয়বাক্যের মধ্যেই সিদ্ধান্তটি নিহিত আছে এবং আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে সিদ্ধান্ত অনূসৃত হয়েছে। সুতরাং ন্যায়টি বৈধ।

আলোচিত $IAI - 4th$ আকারের ন্যায়টির সামান্য আশ্রয়বাক্যটিকে প্রথমে চিত্রায়িত করে বুঝতে পারা গেল যে বিশেষ আশ্রয়বাক্যটির চিত্রায়ণ দিতে গেলে পরস্পর ব্যাপ্ত বা পরস্পরছেদী বৃত্তাংশের কোনো স্থানে X চিহ্ন দিতে হবে। কিন্তু, বিশেষ আশ্রয়বাক্যবৃত্ত এমন অনেক ন্যায় আছে যার সামান্য আশ্রয়বাক্যটিকে চিত্রায়িত করার পরও বিশেষ বচনটি চিত্রায়ণের জন্য কোন বৃত্তাংশে X চিহ্ন বসাতে হবে তা স্থির করা যায় না। একটি উদাহরণ নিয়ে বিষয়টি আলোচনা করা যাক।

- (৫) A সকল বিধানসভার সদস্য হয় শিক্ষিত ব্যক্তি
I কতিপয় কৃষ্টিগীর হয় শিক্ষিত ব্যক্তি
I ∴ কতিপয় কৃষ্টিগীর হয় বিধানসভার সদস্য

এই ন্যায়টির আকার হল $AI - 2nd$ । পক্ষ, সাধ্য ও হেতুপদের প্রতীকরূপে যথাক্রমে S , P এবং M বর্ণ ব্যবহার করে ন্যায়টিকে এই আকারে প্রকাশ করা যায় :